ক্যাশ বেইল অ্যাসাইনমেন্ট

কোনো জামানতের মাধ্যমে কোনো অ্যাটর্নি বা অন্য কোনো ব্যক্তিকে (অধিকারপ্রাপ্ত প্রতিনিধি) একটি ক্যাশ বেইল রিফান্ড নিয়োজন করা হতে পারে। যখন এই ক্যাশ বেইল অন্য কাউকে নিয়োজন করা হবে তখন নিয়োজনকারী ক্যাশ বেইল রিফান্ডের সমস্ত অধিকার হারাবেন। অধিকারপ্রাপ্ত প্রতিনিধি নতুন জামিনদার হবেন এবং ক্যাশ বেইল রিফান্ড পাবেন। অন্য ব্যক্তিকে ক্যাশ বেইল নিয়োজন করতে, অনুগ্রহ করে নিম্নলিখিত নথিপত্র NYC ট্রেজারি বিভাগের কোর্ট অ্যাসেট দপ্তরে আনতে হবে:

- একটি নোটারি করা চিঠি যেখানে ক্যাশ বেইল অ্যাসাইমেন্ট বা সম্পূর্ণ করা, নোটারি করা আবেদন পত্রের অনুরোধ করা হয়েছে; এবং
- সরকার কর্তৃক ইস্যু করা বৈধ সরকারি পরিচয়পত্র যেমন ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, বেনিফিট কার্ড এবং NYC মিউনিসিপ্যাল কার্ডের প্রতিলিপি দেওয়া আবশ্যক।

অনুগ্রহ করে এই প্রচারপত্রের উল্টোদিকের ঠিকানায় এইসব নথি ডাকযোগে পাঠান।

ডাকের ঠিকানা পরিবর্তন

সমস্ত ক্যাশ বিল রিফান্ড ক্যাশ বেইলের আসল রসিদে উল্লিখিত জামিনদারের ঠিকানায় পাঠানো হবে। জামিনদারের ঠিকানা পরিবর্তন করতে, NYC ট্রেজারি বিভাগের কোর্ট অ্যাসেট দপ্তরে যে কোনো সময়ে জামিনদার বা অধিকারপ্রাপ্ত প্রতিনিধি একটি নোটারি করা চিঠি বা ক্যাশ বেইল রিফান্ডের ঠিকানা পরিবর্তনের বিজ্ঞপ্তি জমা দিতে পারে।

সমস্ত অনুরোধ অবশ্যই জামিনদারকে স্বাক্ষর করে এবং নোটারি করতে হবে। সমস্ত অনুরোধের সঙ্গে সরকার কর্তৃক ইস্যু করা বৈধ সরকারি পরিচয়পত্র যেমন ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, বেনিফিট কার্ড এবং NYC মিউনিসিপ্যাল কার্ডের প্রতিলিপি দেওয়া আবশ্যক।

ক্যাশ বেইল ইউনিটের সঙ্গে যোগাযোগ করুন

অনলাইন
nyc.gov/contactcashbail

ফোন
212-908-7619
সকাল 9 টা থেকে বিকাল 4 টা
সোম - শুক্র

সরাসরি আসুন
Manhattan Business Center
66 John Street, 2nd Floor
New York, NY 10038
সোম - শুক্র
সকাল 9 টা থেকে বিকাল 4:30

ডাকের ঠিকানা
NYC Department of Finance
Treasury/Court Assets Unit
66 John Street, 12th Floor
New York, NY 10038

ক্যাশ বেইল রিফান্ড প্রক্রিয়া সম্পর্কে আরো জানতে বা ফর্ম ডাউনলোড করতে nyc.gov/finance এ যান।

ক্যাশ বেইলের রিফান্ড প্রক্রিয়া সম্পর্কে যা জানতে হবে

NYC Department of Finance

Rev. 05/10/16

NYC অর্থ দপ্তরের হাতে ক্যাশ বেইল ফান্ড রয়েছে

1. যখন আপনি অপরাধী আদালত বা আটক কেন্দ্র থেকে আসামীকে মুক্ত করার জন্য অর্থ দেন তখন আপনি ক্যাশ বেইল পোস্টিং করছেন।

2. যে ব্যক্তি ক্যাশ বেইল জমা দেন তিনি হলেন *জামিনদার*।

3. যখন ক্যাশ বেইল পোস্ট করা হয় তখন জামিনদারকে পেমেন্টের প্রমাণস্বরূপ একটি রসিদ দেওয়া হয়। এই নথি খুব গুরুত্বপূর্ণ এবং নিরাপদে রাখতে হবে। যদি ফেরতের সমস্যা হয় তাহলে এগুলো লাগতে পারে।

4. NYC অর্থবিভাগ ক্যাশ বেইলের অর্থ রাখে যতদিন না আদালত থেকে আদেশ পাঠানো হয়। ক্যাশ শেষের পর রিফান্ড কোর্ট অর্ডার ইস্যু করা হয় এবং কোর্টের রিফান্ড অর্ডার ছাড়া ক্যাশ বেইল ফেরত পাওয়া যাবে না।

কিভাবে বেইল ফেরত দেওয়া হয়

1. আদালত কেস বন্ধ হওয়ার ছয় (6) সপ্তাহের মধ্যে সাধারণত আদালত অর্থবিভাগকে ক্যাশ বেইলের অর্থ ফেরত দেওয়ার আদেশ পাঠাবে।

2. আদালতের থেকে ফেরতের আদেশ পাওয়ার পর, অর্থবিভাগ ফাইলে থাকা জামিনদারের ঠিকানায় দুই (2) সপ্তাহের মধ্যে চেক পাঠাবে।

3. সাধারণ পৌর আইনের 99-এম ধারা অনুসারে যদি কোর্ট কেসে দোষী সাব্যস্ত হয় তাহলে, ক্যাশ বেইলের রিফান্ড থেকে তিন শতাংশ (3%) কাটা হবে।

ক্যাশ বেইল রিফান্ডের অনুসন্ধান

মনে রাখা গুরুত্বপূর্ণ যে NYC ট্রেজারি বিভাগের কোর্ট অ্যাসেট দপ্তর কেবলমাত্র জামিনদারের সঙ্গে ক্যাশ বেইল সম্পর্কিত বিষয়টি সম্পর্কে আলোচনা করতে পারে। 212-908-7619 নম্বরে ফোন করে বা nyc.gov/contactcashbail এর মাধ্যমে কোর্ট অ্যাসেটের বিভাগের সঙ্গে যোগাযোগ করা যায়। আমরা যাতে আপনাকে ভালোভাবে সহায়তা করতে পারি তাই অনুগ্রহ করে আপনার ডকেট বা ট্রেজারি রসিদ (TR) সঙ্গে রাখুন।

আমাদের অফিসে সাক্ষাত

যদি কোনো জামিনদার ম্যানহাটন বিজনেস সেন্টারে যায়, তাহলে তার পরিচয় যাচাইয়ের জন্য অবশ্যই সরকার কর্তৃক ইস্যু করা বৈধ সরকারি পরিচয়পত্র যেমন ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, বেনিফিট কার্ড এবং NYC মিউনিসিপ্যাল কার্ড দেখাতে হবে।

ম্যানহাটন বিজনেস সেন্টারের ঠিকানা 66 John Street, 2nd Floor, সোম - শুক্রবার সকাল 9 টা থেকে বিকাল 4:30 পর্যন্ত খোলা থাকে।

আমরা 16টিরও বেশী ভাষায় অনুবাদ পরিষেবা দিই।

ক্যাশ বেইল বাজেয়াপ্ত করা

যখন আদালতের নির্ধারিত দিন অতিক্রম করে তখন আদালত সাধারণ ক্যাশ বেইল বাজেয়াপ্তকরণের আদেশ ইস্যু করে এবং জামিনদারের আর ক্যাশ বেইল রিফান্ডের অধিকার থাকে না। এই আদালতের আদেশের উপর অর্থবিভাগের কিছুই করার নেই এবং জামিনদার আদালতের সঙ্গে যোগাযোগ করে কেন ক্যাশ বেইল বাজেয়াপ্ত করা হয়েছে তা সম্পর্কে জানতে পারেন।